শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ০২-৯৯৬৬৮৮৬৫০
E-Mail:dhakapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫০১.০২.০০৮.২৪. ১২৮০ তারিখঃ ৩১-০৩-২০২৪ খ্রিঃ।

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**(ক) পদের নামঃ "বিলিং সুপারভাইজার"।**

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন ও অন্যান্য ভাতাদি | জেলা কোটা |
|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার | ০২ জন | (ক) প্রার্থীর ন্যূনতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী পদে নিয়মিত হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুইপমেন্ট পরিচালনায় সামর্থ্য থাকতে হবে।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজি প্রতি মিনিটে ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঙ) সংশ্লিষ্ট পদে সংর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে। | পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ ঢাকা জেলার সাভার উপজেলার ধামসোনা, পাথালিয়া, শিমুলিয়া, ইয়ারপুর, আশুলিয়া ও বিরুলিয়া ইউনিয়ন এবং গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই। |

**(খ) আবেদন করার পদ্ধতিঃ**

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) মাতার নাম (গ) পিতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, বিলিং সহকারী হিসেবে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণে উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক বিনা আপত্তির সনদসহ নিয়োগের জন্য সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী **২০-০৪-২০২৪ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ০৯:৩০** ঘটিকায় ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা এ স্ব-শরীরে উপস্থিত হতে হবে।

**(গ) শর্তাবলীঃ**

০১। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন কোনো প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০২। অতীত কর্মসম্পাদনার মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠ/মেধা সম্পন্ন বিলিং সহকারী ও ভৌগলিক এলাকা বিবেচনা করে সংশ্লিষ্ট পদে নিয়োগ দেয়া হবে।

০৩। বিলিং সহকারী হিসেবে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানা স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে "চলতি দায়িত্ব" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

০৬। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যেকোনো বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। "চলতি দায়িত্ব" থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

( প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান )
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

০১। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪ **(যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।)।**

০৬। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

০৭। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/শ্রীপুর/জামগড়া/আশুলিয়া/চন্দ্রা/কালিয়াকৈর/মৌচাক জোনাল অফিস, ঢাকা পবিস-১।

০৮। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), ঢাকা পবিস-১।

০৯। এজিএম (ওএন্ডএম), জিরানী/ইয়ারপুর/বিশমাইল/ফুলবাড়ীয়া সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-।

১০। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (https://pbs1.dhaka.gov.bd), ঢাকা পবিস-১।

১১। অফিস কপি/মাস্টার ফাইল।

( প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান )
সিনিয়র জেনারেল ম্যানেজার